গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)**

১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা

www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে ফেব্রুয়ারি, ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) |
| তারিখ | : ২৫.০২.২০২১ খ্রি. |
| সময় | : বিকাল ৩.০০ টা |
| স্থান | : বিএমডির সভা কক্ষ। |
| উপস্থিত সদস্য | : পরিশিষ্ট-ক |

বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী কার্যক্রম/উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে আলোচনার লক্ষ্যে বিএমডির ইনোভেশন কমিটির সভাপতি জনাব মোঃ মামুনুর রশীদ, উপপরিচালক-এর সভাপতিত্বে বিএমডির সভা কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়।

**২.০ আলোচনা :**

২.১ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি উল্লেখ করেন যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে এবং দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণের মাধ্যমে নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীন সবধরনের সেবাকে অধিকতর দ্রুত ও সহজ করার লক্ষ্যে নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা আবশ্যক। ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব আজিজুল হক সভায় অবহিত করেন যে, বিএমডির ২০২০-২০২১ অর্থবছরে ০৩ টি উদ্ভাবনী কর্মপরিকল্পনা রয়েছে। ১. ল্যানভিত্তিক ফটোকপি পদ্ধতি চালুকরণ, ২. মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে দায়েরকৃত 'বিএমডি সংক্রান্ত মামলাসমূহ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভে' সংরক্ষণ; এবং ৩. বিএমডির ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে একটি কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপনের মাধ্যমে 'নাগরিক সেবা (সিটিজেন চার্টার)' প্রদর্শন। সভায় জানানো হয় 'ল্যানভিত্তিক ফটোকপি পদ্ধতি' ইতোমধ্যে চালু করা হয়েছে। ইনোভেশন কমিটির সদস্য জনাব মোঃ মাহফুজুর রহমান সভায় অবহিত করেন ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে একটি ডিজিটাল সেবা চালুকরণ এবং তা অধিক্ষেত্রে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। তৎপ্রেক্ষিতে বিএমডির ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপনের মাধ্যমে 'নাগরিক সেবা (সিটিজেন চার্টার)' প্রদর্শন করা যেতে পারে। এর ফলে বিএমডির বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রার পাশাপাশি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর লক্ষ্যমাত্রাও অর্জন সম্ভব হবে। কমিটির সকল সদস্য এতে সম্মতি প্রদান করেন। এ ছাড়া মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগে দায়েরকৃত 'বিএমডি সংক্রান্ত মামলাসমূহ ডিজিটাল রেজিস্টার/আর্কাইভে' সংরক্ষণের বিষয়েও সভায় আলোচনা হয়।

৩.০ **সিদ্ধান্ত** : 'নাগরিক সেবা (সিটিজেন চার্টার)' কে ডিজিটাল করার লক্ষ্যে বিএমডির ফ্রন্ট ডেস্ক/অপেক্ষাগারে কিয়স্ক (Kiosk) মেশিন স্থাপন।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫.০২.২০২১

মোঃ মামুনুর রশীদ
সভাপতি, ইনোভেশন কমিটি
ও
উপপরিচালক
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)

স্মারক নং : ২৮.০৭.০০০০.০০৪.৩৭.০০১.১২(অংশ-২).৯৮০

তারিখ : ১২ ফাল্গুন ১৪২৭
২৫ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে
১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (দৃ.আ. চিফ ইনোভেশন অফিসার, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ);
২। কর্মকর্তা (সকল)..............................................বিএমডি, ঢাকা;
৩। সংশ্লিষ্ট নথি।

২৫.০২.২০২১

মোঃ মামুনুর রশীদ
উপপরিচালক